

২০২০
বাংলা

তৃতীয় সেমিস্টার (DODL)

তৃতীয় পত্র

বিশেষ পত্র : রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। ‘দেখো নাকি হয় বেলা চলে যায়

সারা হয়ে এল দিন

বাজে পূরবীর ছন্দে রবির

শেষ রাগিনীর বীণ’ — উদ্ধৃত পঙক্তিটি অনুসারে কবির
মনোভাবনা ব্যক্ত করো।

অথবা

‘শেষ বসন্ত’ কবিতার মূল বক্তব্য উপস্থাপন করো। প্রসঙ্গত
কবিতাটির সঙ্গে পূরবী-পর্বের আবহ কিভাবে ত্রিাশীল রয়েছে
তা বুঝিয়ে দাও। ১৫

২। ‘প্রান্তিক’ কাব্যের শেষ দুটি কবিতায় সাম্রাজ্যবাদী শক্তির
বিরুদ্ধে যে বিদ্রোহ ধ্বনিত হয়েছে তা বিশদ করো।

অথবা

‘পুরাতন সম্মোহের

স্থূল কারা প্রাচীর বেষ্টন, মুহূর্তেই মিলাইলো

কুহেলিকা। নতুন প্রাণের সৃষ্টি হলো অব্যবহিত

স্বচ্ছ শুভ্র চৈতন্যের প্রথম প্রতুষ অভ্যুদয়ে’

‘প্রান্তিকে’ নবজীবন নিষ্কমণের যে ইতিহাস বর্ণিত তা আলোচ্য
পংক্তি অবলম্বনে আলোচনা করো। ১৫

৩। ‘রাজা’ নাটক অবলম্বনে রবীন্দ্রনাথের রাজার স্বরূপ বুঝিয়ে
দাও।

অথবা

এই পর্বের নাটকগুলিতে গান মুখ্য ভূমিকা গ্রহণ করেছে —
এই মর্মে ‘রাজা’ নাটকটি আলোচনা করো। ১৫

৪। ‘তাসের দেশ’ নাটকটি রবীন্দ্রনাথ সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ
করেছিলেন — এই নিবেদনের যথার্থ্য কোথায় তা আলোচনা
করো।

অথবা

‘তাসের দেশ’ নাটকে কীভাবে কবি যৌবনের স্পর্শে জীবন্মূর্তের
সংস্কারের শৃঙ্খল মোচন করে প্রাণের জয়গান গেয়েছেন তা
আলোচনা করো। ১৫

৫। টীকা লেখো : ৫×৪=২০

ক) ব্যাখ্যা করো :

‘আজকে খবর পেলাম

মা আমার এই শ্যামল মাটি।’

অথবা

‘স্বর্গের চক্রান্ত আমি। আমি কবি যুগে যুগে আসি

তব তপোবন।’

খ) ব্যাখ্যা করো :
'চরিতার্থ হবে শেষে জীবনের শেষ মূল্য, শেষ যাত্রা,
শেষ নিমন্ত্রণ।'

অথবা

'নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিশ্বাস,
শান্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস -'

গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো : 'আমি তোমার চরণের দাসী,
আমাকে সেবার অধিকার দাও'।

অথবা

'আমাদের রাজা নিজে জায়গা জোড়ে না, সবাইকে
জায়গা ছেড়ে দেয়'।

ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো : 'তুমি বইতে পারবে না আরামের
বোঝা, সইতে পারবে না সেবার বন্ধন।'

অথবা

'এ তো দেখি পবনদেবের উলটো খেলা - তাসীরা হতে
চায় রঙ খসিয়ে মানুষ।'
